বাংলাদেশ শ্যুটিং স্পোর্ট ফেডারেশন
BANGLADESH SHOOTING SPORT FEDERATION
BSSF
Shooting Complex, 144 Gulshan Avenue, Gulshan-1, Dhaka-1212, E-mail: shooting.bd@gmail.com, Web: www.bssf.com.bd

বিএসএসএফ/প্রশা-১০৩/৫৯৪
তারিখঃ ১৫-০৬-২০২৫

সাধারণ সম্পাদক

............................................... রাইফেল/শ্যুটিং ক্লাব

...............................................

**বিষয়: শ্যুটারদের বাছাই প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শ্যুটিং স্পোর্ট ফেডারেশন পাকিস্তানে অনুষ্ঠিতব্য আসন্ন সাউথ এশিয়ান গেমস, বিভিন্ন আন্তর্জাতিক গেমসকে সামনে রেখে প্রশিক্ষণ ক্যাম্প পরিচালনার জন্য আগামী ২২-২৮ জুন, ২০২৫ তারিখ শ্যুটারদের নিয়ে তিনটি বাছাই প্রতিযোগিতার আয়োজন করতে যাচ্ছে। বাছাই প্রতিযোগিতায় আপনার ক্লাব হতে সর্বোচ্চ ৬ জন রাইফেল/পিস্তল ইভেন্টে নুন্যতম (রাইফেল ইভেন্টে ১ জন ছেলে ও ১ জন মেয়ে এবং পিস্তল ইভেন্টে-১ জন ছেলে ও ১ জন মেয়ে) অংশগ্রহণ করতে পারবে। দল গঠনের ক্ষেত্রে নুন্যতম ১ জন শ্যুটারের বয়স অনুর্ধ ১৮ বছরের মধ্যে থাকতে হবে (জুন, ২০২৫ পর্যন্ত)। সেই মোতাবেক আগামী ১৮ জুন, ২০২৫ তারিখের মধ্যে শ্যুটারদের নামের তালিকা প্রেরণের জন্য অনুরোধ জানাচ্ছি। প্রেরিত শ্যুটারদের আগামী ২৩ জুন, ২০২৫ তারিখ ফেডারেশনে রেজিষ্ট্রেশন ও ইকুইপমেন্ট কন্ট্রোল করতে হবে। বাছাই প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শ্যুটারদের ২২ জুন রাত হতে ২৯ জুন, ২০২৫ তারিখ সকাল পর্যন্ত ফেডারেশন খাদ্য ও আবাসনের ব্যবস্থা করবে। উল্লেখ্য যে, বাছাইকৃত শ্যুটারদের নিয়ে আগামী ০১ জুলাই, ২০২৫ তারিখ থেকে প্রশিক্ষণ ক্যাম্প শুরু করা হবে। ক্রোড় পত্র 'ক' অনুযায়ী নির্বাচিত শ্যুটারদের নাম প্রেরণ করা যাবে।

ধন্যবাদান্তে

মোহাম্মদ আলী সোহেল
মহাসচিব (ভারপ্রাপ্ত)

# বাংলাদেশ শ্যূটিং স্পোর্ট ফেডারেশন

## বাছাই প্রতিযোগিতার নীতিমালা (২২-২৮ জুন, ২০২৫)

ক্রোড়পত্র (ক)

| | |
|---|---|
| ১ | বাছাই প্রতিযোগিতা এয়ার রাইফেল এবং এয়ার পিস্তল (পুরুষ ও মহিলা ) ৪টি ইভেন্টে অনুষ্ঠিত হবে। |
| ২ | শ্যূটারদের নামের তালিকা ও ইভেন্ট আগামী ১৮-০৬-২০২৫ তারিখের মধ্যে ফেডারেশনে প্রেরন করতে হবে। |
| ৩ | ২৩-০৬-২০২৫ তারিখ রেজিষ্ট্রেশন ও ইকুইপমেন্ট কন্ট্রোল। |
| ৪ | প্রশিক্ষণ ও বাছাই প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শ্যূটারদের বিএসএসএফ আইডি বাধ্যতামূলক। |
| ৫ | ২৩,২৪ ও ২৫ জুন, ২০২৫ তারিখ অংশগ্রহণকারী শ্যূটারদের অনুশীলন। |
| ৬ | ২৬,২৭ এবং ২৮ জুন, ২০২৫ তারিখ তিন দিন বাছাই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। |
| ৭ | শুধুমাত্র বাছাই প্রতিযোগিতার জন্য এয়ার পিলেট ফেডারেশন হতে প্রদান করা হবে, অনুশীলনের জন্য কোন এয়ার পিলেট বরাদ্দ প্রদান করা হবে না। |
| ৮ | ২২-০৬-২০২৫ তারিখ রাত হতে ২৯-০৬-২০২৫ তারিখ সকাল পর্যন্ত সকল শ্যূটারদের থাকা - খাওয়া ফেডারেশন বহন করবে। |
| ৯ | (প্রতিটি ক্লাব থেকে প্রতি ইভেন্টে নুন্যতম ১জন পুরুষ ও ১ জন মহিলা সর্বোচ্চ ০৬ জন শ্যূটারের নাম প্রদান করা যাবে)। এই তালিকায় নুন্যতম ১ জন শ্যূটার অবশ্যই ১৮ বছরের মধ্যে থাকতে হবে (জুন, ২০২৫ পর্যন্ত)। বয়স প্রমানের জন্য ডিজিটাল জন্মনিবন্ধন সনদ প্রদর্শন বাধ্যতামূলক। |
| ১০ | বাছাই প্রতিযোগিতায় মনোনীত শ্যূটারদের নিয়ে সম্ভাব্য ০১-০৭-২০২৫ তারিখ হতে প্রশিক্ষন ক্যাম্প শুরু করা হবে। |
| ১১ | আংশগ্রহনকারী শ্যূটারদের ম্যাচ এয়ার রাইফেল এবং ম্যাচ এয়ার পিস্তল সহ সকল প্রকার শ্যূটিং সরঞ্জাম এবং পোষাকাদি ব্যবহার বাধ্যতামূলক। হ্যামারলী ও স্লাভিয়ার রাইফেল দ্বারা বাছাই প্রতিযোগিতায় অংশগ্রহণ করা যাবে না। একটি আর্মস এর বিপরিতে একজন শ্যূটার অংশগ্রহণ করবে। |

ভারপ্রাপ্ত মহাসচিব